

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ২৭টি প্রতিষ্ঠানকে ১.৫৪ লক্ষ টাকা জরিমানা

১৮ জুলাই ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, রংপুর ও নোয়াখালীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মেহেরজান ডাইনিংকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং মিরপুর এলাকায় একই অপরাধে Quick Bite কে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে গ্রাস রুট ক্যাফেকে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়।

এছাড়া চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাশের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের হালিশহর এলাকায় ৪টি প্রতিষ্ঠানকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমী রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল সদর উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জয়াস চাকমার নেতৃত্বে নোয়াখালীর সোনাইমুড়ী উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম উদ-দৌল্যার নেতৃত্বে সিলেট মহানগরের কোতয়ালী এলাকায় ৭টি প্রতিষ্ঠানকে ২১,০০০/- (একুশ হাজার) টাকা এবং রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকাসহ মোট ১,১৪,০০০/- (এক লক্ষ চৌদ্দ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৬টি বাজার তদারকিতে ২৭টি প্রতিষ্ঠানকে মোট ১,৫৪,০০০/- (এক লক্ষ চুয়ান হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ১ জন অভিযোগকারীকে মং ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, সিলেট, রংপুর ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, রংপুর ও নোয়াখালী।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, রংপুর ও নোয়াখালী।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।